



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
বোর্ড সচিবালয়
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

৫ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০৪.০৮.১০০.২৪.৪২

অফিস আদেশ

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টায় অব্যাহতভাবে বৃদ্ধি পেয়ে কতিপয় পয়েন্টে সতর্কসীমায় পৌঁছাতে পারে। গাঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে। সুরমা ব্যাভীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।

২. আগামী ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে। এ সময় নেত্রকোনা জেলার কতিপয় নিম্নাঞ্চলে ও সিলেট, সুনামগঞ্জ জেলায় চলমান বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে। মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু-খোয়াই নদী সংলগ্ন নিম্নাঞ্চলের চলমান বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ২৪ হতে ৪৮ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল, উত্তরাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। তাছাড়া, আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চলের দুধকুমার, তিস্তা ও ধরলা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে এবং কুড়িগ্রাম, লালমনিরহাট, রংপুর জেলার কতিপয় নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

৩. সম্ভাব্য পরিস্থিতি বিবেচনায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সিলেটসহ সকল জোনের নিয়ন্ত্রণাধীন প্রকল্পসমূহের ঝাঁক ও অন্যান্য অবকাঠামোগুলো রক্ষায় এবং আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবেলায় সংশ্লিষ্ট জোনের প্রধান প্রকৌশলী তার অধীনস্থ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণের মাধ্যমে নিবিড় যোগাযোগ রক্ষা করতঃ সার্বক্ষণিক তদারকির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪. আকস্মিক বন্যা পরিস্থিতির কারণে উল্লিখিত ঝাঁক ও অন্যান্য অবকাঠামোগুলো ক্ষয়ক্ষতি হতে রক্ষার্থে প্রয়োজনীয় প্রস্তুতিসহ সার্বক্ষণিক সাইটে অবস্থান করবেন। এই বিষয়ে স্থানীয় উপজেলা প্রশাসন, জেলা প্রশাসন এবং জনপ্রতিনিধির সাথে যোগাযোগ রক্ষা করে দুর্যোগ মোকাবেলা করবেন।

৫. সংশ্লিষ্ট জোনের নিয়ন্ত্রণাধীন সকল সার্কেল ও বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীগণ সার্বক্ষণিকভাবে কর্মস্থলে উপস্থিত থাকবেন। বিশেষ প্রয়োজনে কোনো কর্মকর্তা-কর্মচারীর দপ্তর ত্যাগের প্রয়োজন হলে সংশ্লিষ্ট উইং এর অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে দপ্তর ত্যাগ করতে হবে।

৬. এমতাবস্থায়, আকস্মিক বন্যা পরিস্থিতি ও তৎসৃষ্ট দুর্যোগ মোকাবেলার স্বার্থে বাপাউবো'র সিলেটসহ সংশ্লিষ্ট সকল জোনের কর্মকর্তা/কর্মচারীদের ছুটি বাতিল করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই দপ্তরাদেশ জারী করা হলো।

বিষয়টি অগ্রীম জরুরী।

১৯-০৬-২০২৪
ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)

নম্বর: ৪২.০১.০০০০.০০৪.০৮.১০০.২৪.৪২/১ (১০)

৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী (পূর্ব) (সংশ্লিষ্ট সকল), বাপাউবো;
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;

৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়;

৪। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।;

৬। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (দপ্তরদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);

৮। নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট সকল), বাপাউবো;

৯। নির্বাহী প্রকৌশলী (পূর্ব) (চলতি দায়িত্ব), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং

১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।।



(Handwritten signature)

১৯-০৬-২০২৪

ওবায়দুল ইসলাম

পরিচালক (বোর্ড)